বাজেট=২০২০-২০২১-১৩৫

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বরাষ্ট্র মন্ত্রণালয়
জননিরাপত্তা বিভাগ
বাজেট-১ শাখা
www.mhapsd.gov.bd

স্মারক নং- ৪৪.০০.০০০০.০২৪.০৬.০৮৭.২০২০-

তারিখঃ ১৩ পৌষ ১৪২৭ বঙ্গাব্দ
২৮ ডিসেম্বর, ২০২১ খ্রিস্টাব্দ

| | | |
|---|---|---|
| বিষয় | : | চলতি ২০২১-২০২২ অর্থবছরের সংশোধিত বাজেট সংক্রান্তে বাজেট ওয়ার্কিং গ্রুপের সভার কার্যবিবরণী। |
| সভাপতি | : | রুহী রহমান, অতিরিক্ত সচিব(প্রশাসন ও অর্থ), জননিরাপত্তা বিভাগ ও সভাপতি, বাজেট ওয়ার্কিং গ্রুপ। |
| সভার তারিখ ও সময় | : | ২৮/১২/২০২১, সকাল ১১.০০ ঘটিকা। |
| স্থান | : | স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের সম্মেলন কক্ষ। |
| উপস্থিত সদস্যবৃন্দ | : | পরিশিষ্ট 'ক' দ্রষ্টব্য। |

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ আরম্ভ করেন। অতঃপর আলোচ্য বিষয়সমূহ উপস্থাপনের জন্য কমিটির সদস্য সচিব, সিনিয়র সহকারী সচিব (বাজেট-১) কে আহবান জানান।

০২। সিনিয়র সহকারী সচিব (বাজেট-১) সভাপতির অনুমতিক্রমে জননিরাপত্তা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয় এবং বিভিন্ন দপ্তর/অধিদপ্তরের অনুকূলে ২০২১-২০২২ অর্থবছরের রাজস্ব প্রাপ্তির লক্ষমাত্রা, পরিচালন ও উন্নয়ন খাতে প্রস্তাবিত বাজেট, সংশোধিত বাজেট প্রণয়নে অর্থ বিভাগের নির্দেশনা, বাজেট বাস্তবায়ন পর্যালোচনা এবং অতিরিক্ত দাবির বিষয় পর্যায়ক্রমে সভায় উপস্থাপন করেন।

০৩। সভায় উপস্থিত জননিরাপত্তা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয় ও এর আওতাধীন সকল দপ্তর/অধিদপ্তরের প্রতিনিধিবৃন্দ স্ব-স্ব প্রতিষ্ঠানের বাজেটে চলতি ২০২১-২০২২ অর্থবছরের প্রদত্ত সিলিং এর অতিরিক্ত বরাদ্দ চাহিদার যৌক্তিকতা নিম্নরূপভাবে সভাকে অবহিত করেনঃ

(ক) জননিরাপত্তা বিভাগ এর পরিকল্পনা অনুবিভাগ এর প্রতিনিধি জনাব এস এম আশরাফ রেজা ফরিদী, উপসচিব জানান যে, চলতি ২০২১-২০২২ অর্থবছরে অর্থ বিভাগের নির্দেশনা মোতাবেক বাজেট এন্ট্রি করা হয়েছে। তবে চলতি অর্থ বছরে চলমান বিভিন্ন উন্নয়ন প্রকল্পের ব্যয় বৃদ্ধি, সমাপ্ত উন্নয়ন প্রকল্প এবং নতুন অনুমোদিত প্রকল্পের অর্থায়ন বাবদ ১৯০০,০০,০০,০০০/-(এক হাজার নয়শত কোটি) টাকা বরাদ্দের প্রয়োজন।

(খ) বাংলাদেশ পুলিশ এর প্রতিনিধি জনাব মো: মাহবুবুর রহমান ভূঁঞা, ডিআই জি (অর্থ ও উন্নয়ন) জানান যে, বাংলাদেশ পুলিশের রেশন সামগ্রী, ভ্রমন ব্যয়, মোটরযান ক্রয়, অস্ত্র ও গোলাবারুদ, পুলিশ হাসপাতালের ঔষধ, খাদ্য বাসস্থান, আসবাবপত্র, টেলিকমিউনিকেশন যন্ত্রপাতি, সিডিভ্যাট বাবদ চলতি ২০২১-২০২২ অর্থ বছরের সংশোধিত বাজেটে ১৫৭৫,৫৮,৫১,০০০/- (এক হাজার পাঁচশত পঁচাত্তর কোটি আটান্ন লক্ষ একান্ন হাজার) টাকার অতিরিক্ত চাহিদা করা হয়েছে। তাছাড়া চলতি অর্থ বছরের সংশোধিত বাজেটের চাহিদা ও নির্দেশনা সমন্বয় করে বাজেট বাজেট এন্ট্রি করা হয়েছে।

(গ) সভায় বিজিবির প্রতিনিধি অতিরিক্ত মহাপরিচালক, বেনজীর আহমেদ জানান যে, সংশোধিত বাজেটের চাহিদা ও নির্দেশনার সমন্বয় করেই বাজেট এন্ট্রি করা হয়েছে। চলতি ২০২১-২০২২ অর্থ বছরের সংশোধিত বাজেটে অস্ত্র ও গোলাবারুদ এবং প্রশিক্ষন খাতে ২৩,০৯,৬০,০০০/- (তেইশ কোটি নয় লক্ষ ষাট হাজার) টাকা অতিরিক্ত বরাদ্দ প্রয়োজন।

(ঘ) বাংলাদেশ কোস্ট গার্ড এর প্রতিনিধি কমান্ডার সাজিদ আতাউর রহমান উপপরিচালক (বাজেট) জানান যে, চলতি ২০২১-২০২২ অর্থ বছরের সংশোধিত বাজেটের চাহিদা ও নির্দেশনার সমন্বয় করেই বাজেট এন্ট্রি করা হয়েছে। চলতি ২০২১-২০২২ অর্থ বছরের সংশোধিত বাজেটে যন্ত্রপাতি ও সরঞ্জামাদি ক্রয় খাতে ১০,০০,০০,০০০/- (দশ কোটি) টাকার অতিরিক্ত বরাদ্দের জন্য অনুরোধ করা হয়েছে।

(ঙ) বাংলাদেশ আনাসার ও ভিডিপি'র প্রতিনিধি জনাব মোহাম্মদ সিরাজুর রহমান পরিচালক(অর্থ),জানান যে, চলতি ২০২১-২০২২ অর্থ বছরের সংশোধিত বাজেটের চাহিদা ও নির্দেশনার সমন্বয় করেই বাজেট এন্ট্রি করা হয়েছে। চলতি ২০২১-২০২২ অর্থ বছরের সংশোধিত বাজেটে আনসার ও ভিডিপির কোন অতিরিক্ত চাহিদা নেই।

(চ) আন্তর্জাতিক অপরাধ ট্রাইবুন্যাল ও তদন্ত সংস্থার প্রতিনিধি জনাব মোঃ ওবায়েদউল্লাহ, উপ পরিচালক(প্রশাসন ও অর্থ) জানান যে, চলতি ২০২১-২০২২ অর্থ বছরের সংশোধিত বাজেটের চাহিদা ও নির্দেশনার সমন্বয় করেই বাজেট এন্ট্রি করা হয়েছে এবং চলতি ২০২১-২০২২ অর্থ বছরের সংশোধিত বাজেটে ২২,০০,০০০/-(বাইশ লক্ষ) টাকা সমর্পণ করা হয়েছে।

(ছ) এনটিএমসি'র প্রতিনিধি অতিরিক্ত পরিচালক(প্রশাসন), জনাব এ জে এম এরশাদ আহসান হাবিব জানান যে, চলতি ২০২১-২০২২ অর্থ বছরের সংশোধিত বাজেটে অন্যান্য যন্ত্রপাতি ও সরঞ্জাম ক্রয় ও মেরামত খাতে চলতি ২০২১-২০২২ অর্থবছরে বরাদ্দকৃত অর্থের অতিরিক্ত ৫৬,০০.৩২.০০০/- (ছাপান্ন কোটি বত্রিশ হাজার) টাকা বরাদ্দের জন্য অনুরোধ করা হয়েছে।

চলমান পাতা-২

০৪। দপ্তর/অধিদপ্তরের উপর্যুক্ত অতিরিক্ত চাহিদার বিষয়ে সভাপতি মহোদয় সম্পদের সীমাবদ্ধতার বিষয়টি সকলকে স্মরণ করিয়ে দেন। চলমান করোনা ভাইরাস(কোভিড-১৯)এর কারণে আর্থিক অবস্থা বিবেচনাসহ আর্থসামাজিক সার্বিক বিষয় বিবেচনায় রেখে মিতব্যয়িতার সাথে দক্ষতা ও ফলপ্রসূ কর্মপদ্ধতি অনুসরণ করে দায়িত্ব পালনের জন্য সকলকে আহবান জানান। তিনি বলেন অর্থ বিভাগ কর্তৃক নির্ধারিত বাজেট সিলিং এর বেশী অর্থ বরাদ্দের বিষয়টি স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের আওতাবর্হিভূত। তবে দেশের আইন শংখলা সুচারুরূপে পরিচালনা, জনগণের জানমালের নিরাপত্তা বিধান, সীমান্তে নিরাপত্তা ও চোরাচালান বন্ধ, নারী ও শিশু পাচার রোধে কার্যকর ভুমিকা পালন করতে হবে। আর্থিক পরিস্থিতি বিবেচনায় প্রদত্ত সিলিং এর মধ্যে চলতি ২০২১-২০২২ অর্থ বছরের অনুন্নয়ন বাজেট প্রণয়নের জন্য উপস্থিত সকলকে অনুরোধ জানান। তাছাড়া অর্থ বিভাগ কর্তৃক ২০২১-২০২২ অর্থবছরের রাজস্ব প্রাপ্তির লক্ষ্যমাত্রা অর্জনে সকলকে মনোযোগী হওয়ার পরামর্শ প্রদান করেন এবং স্ব-স্ব অধিক্ষেত্রের রাজস্ব আয় বৃদ্ধির ক্ষেত্র চিহ্নিত করে সরকারের নির্বাহী আদেশের মাধ্যমে রাজস্ব বৃদ্ধির পরিকল্পনা গ্রহন করার জন্য অনুরোধ জানান।

০৫। সভায় বিস্তারিত আলোচনা শেষে সর্বসম্মতিক্রমে নিম্নরূপ সিদ্ধান্তসমূহ গৃহিত হয়ঃ-

(১) চলতি ২০২১-২০২২ অর্থবছরের রাজস্ব প্রাপ্তি, পরিচালন এবং উন্নয়ন বাজেট অর্থ বিভাগের নির্দেশনা মোতাবেক বাজেট এন্ট্রি করা হয়েছে এং তা অনুমোদনের জন্য বাজেট ব্যবস্থাপনা কমিটির সভায় উপস্থাপনের সিদ্ধান্ত গৃহিত হয়।

(২) চলতি ২০২১-২০২২ অর্থবছরের রাজস্ব প্রাপ্তি, অনুন্নয়ন এবং উন্নয়ন বাজেট চাহিদা অনুমোদনের জন্য বাজেট ব্যবস্থাপনা কমিটির সভায় উপস্থাপনের সিদ্ধান্ত গৃহীত হয়।

(৩) জননিরাপত্তা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয় এর আওতাধীন দপ্তর/অধিদপ্তরসমূহের চলতি ২০২১-২০২২ অর্থবছরের জন্য প্রদত্ত বাজেট সিলিং এর অতিরিক্ত বরাদ্দের যৌক্তিকতা অধিকতর যাচাই/বাছাই করে চূড়ান্ত অনুমোদনের নিমিত্ত বাজেট ব্যবস্থাপনা কমিটির সভায় উপস্থাপনের সিদ্ধান্ত গৃহিত হয়।

০৬। সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভাপতি কর্তৃক সভার কার্যক্রম সমাপ্ত ঘোষণা করা হয়।

স্বাক্ষরিত/-
(রুহী রহমান)
অতিরিক্ত সচিব (প্রশাসন ও অর্থ )
ও
সভাপতি
বাজেট ওয়ার্কিং গ্রুপ, জননিরাপত্তা বিভাগ।

১। ------------------------------------------------------------------------------------দপ্তর/অধিদপ্তর প্রধান সকল।
২। সদস্য, কার্যক্রম বিভাগ, পরিকল্পনা কমিশন, ঢাকা।
৩। সদস্য, ভৌত অবকাঠামো বিভাগ, পরিকল্পনা কমিশন, ঢাকা।
৪। অতিরিক্ত সচিব, প্রশাসন ও অর্থ/ আসী/পুলিশ ও এনটিএমসি/ রাজনৈতিক ও আইসিটি/ আইন ও শৃংখলা/উন্নয়ন জননিরাপত্তা বিভাগ, বাংলাদেশ সচিবালয়,ঢাকা(অনুবিভাগের উপযুক্ত প্রতিনিধি প্রেরণের অনুরোধসহ)।
৫। অতিরিক্ত সচিব(বাজেট-১), অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, ঢাকা।
৬। সিনিয়র সহকারী সচিব (প্রশাসন-২), জননিরাপত্তা বিভাগ, বাংলাদেশ সচিবালয়,ঢাকা।
৭। চিফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার স্বরাষ্ট্র মন্ত্রণালয়, হিসাব ভবন,সেগুন বাগিচা,ঢাকা।
৮। সিনিয়র সহকারী সচিব, বাজেট-২ শাখা, জননিরাপত্তা বিভাগ, বাংলাদেশ সচিবালয়,ঢাকা।

(বিকাশ বিশ্বাস)
সিনিয়র সহকারী সচিব
ফোনঃ ৯৫৪৬১৭৬

স্মারক নং- ৪৪.০০.০০০০.০২৪.০৬.০৮৭.২০২০- ২২৮/৮(৪) তারিখঃ ১৩ পৌষ ১৪২৭ বঙ্গাব্দ
২৮ ডিসেম্বর,২০২১ খ্রি:

অনুলিপিঃ-সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে

১। সিনিয়র সচিব মহোদয়ের একান্ত সচিব, জননিরাপত্তা বিভাগ, বাংলাদেশ সচিবালয়,ঢাকা।
২। সহকারী প্রোগ্রামার, আইসিটি সেল, জননিরাপত্তা বিভাগ, বাংলাদেশ সচিবালয়,ঢাকা(ওয়েব সাইটে প্রকাশের জন্য)।
৩। অতিরিক্ত সচিব (প্রশাসন ও অর্থ) মহোদয় এর ব্যক্তিগত কর্মকর্তা, জননিরাপত্তা বিভাগ, বাংলাদেশ সচিবালয়,ঢাকা।
৪। অতিরিক্ত সচিব (বাজেট) মহোদয় এর ব্যক্তিগত কর্মকর্তা, জননিরাপত্তা বিভাগ, বাংলাদেশ সচিবালয়,ঢাকা।

২৮/১২/২০২০

(বিকাশ বিশ্বাস)
সিনিয়র সহকারী সচিব